60

ভোরের কাগজ

তারিখ ... FEB 8 .. 1999 ... ...
পৃঃ ২০ কলাম ... ৫......

# আজো এমপিওভুক্ত হয়নি মেহেরপুর পৌর কলেজ

## *সরকারি ভাতা থেকে বঞ্চিত শিক্ষক–কর্মচারীরা*

**মেহেরপুর প্রতিনিধি :** মেহেরপুর পৌর কলেজটি এমপিওভুক্ত না হওয়ায় সরকারি বেতন–ভাতা না পেয়ে এসব শিক্ষক–কর্মচারী মানবেতর জীবনযাপন করছেন।

মেহেরপুর পৌরসভার কাথুলী সড়কে ১৯৯৫ সালে ৮১ শতক জমির ওপর কলেজটি প্রতিষ্ঠা করা হয়। '৯৫–৯৬ সেশনে একাদশ শ্রেণীতে ছাত্রছাত্রী ভর্তি করা হয়। মানবিক বিভাগে বাংলা, ইংরেজি, পৌরনীতি অর্থনীতি, যুক্তিবিদ্যা, সাধারণ ইতিহাস, ইসলামের ইতিহাস, ভূগোল, সমাজবিজ্ঞান এবং বাণিজ্য বিভাগে হিসাববিজ্ঞান ও ব্যবস্থাপনা বিষয় চালু করা হয়।

১৯৯৬ সালের ৩১ আগস্ট শিক্ষা বোর্ডের পরিদর্শক কলেজটি পরিদর্শন করেন। '৯৭ সালের ১ জুলাই কলেজটি শিক্ষা বোর্ডের স্বীকৃতি পায়। বেসরকারি হলেও গত বছর এ কলেজ থেকে ৫৪ ভাগ ছাত্রছাত্রী এইচএসসি পরীক্ষায় পাস করে। এদের অধিকাংশই ছিল প্রথম ও দ্বিতীয় বিভাগে।

কলেজের অধ্যক্ষ একরামুল আযীম জানান, ১০ জন প্রভাষক, দুই জন অফিস সহকারী ও চার জন এমএলএসএস কলেজে কর্মরত আছেন। কলেজটি আজো এমপিওভুক্ত হয়নি। ফলে সরকারি বেতন–ভাতা না পেয়ে কলেজের শিক্ষক ও কর্মচারীরা মানবেতর জীবনযাপন করছেন।

ফ্যাসিলিটিজ বিভাগের মাধ্যমে কলেজের বাউন্ডারি ওয়াল নির্মাণ ও আসবাবপত্র সরবরাহের জন্য পৌরবাসী সরকারের কাছে দাবি জানিয়েছেন।